



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঢাকা উদ্যান সরকারি মহাবিদ্যালয়
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

Phone: 01551601140, E-mail: dugovtcollege2015@gmail.com, College Code: 1759, EIIN: 137590

স্মারক নং- ঢাউসম/নোটিশ/২০১৫/ ৩১৮৯

তারিখঃ ০২ / ০৮ / ২০২১ খ্রি.

২০২১ সালের এইচ এস সি পরিক্ষার্থীদের প্রথম দুই সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমাদান ও প্রস্তুতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০২১ সালের (নিয়মিত ও অনিয়মিত) এইচ এস সি পরিক্ষার্থীদের নির্দেশ দেয়া যাচ্ছে যে, অ্যাসাইনমেন্ট কার্যক্রমের প্রথম দুই সপ্তাহে প্রদত্ত অ্যাসাইনমেন্টগুলো নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী কলেজে এসে জমা দিতে হবে-

বিভাগ	বিষয় (অ্যাসাইনমেন্ট নং)	জমাদানের তারিখ	জমাদানের সময়
বিজ্ঞান	পদার্থবিদ্যা (১ ও ২), রসায়ন (১), জীববিজ্ঞান (১), উচ্চতর গণিত (১)	৭ আগস্ট ২০২১ খ্রি.	সকাল ১০টা - দুপুর ১টা
ব্যবসায় শিক্ষা	ব্যবসা সংগঠন ও ব্যবস্থাপনা (১ ও ২), হিসাববিজ্ঞান (১), উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (১) এবং ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (১)	৮ আগস্ট ২০২১ খ্রি.	সকাল ১০টা - দুপুর ১টা
মানবিক	ইতিহাস (১ ও ২), সমাজকর্ম (১), সমাজবিজ্ঞান (১), পৌরনীতি ও সুশাসন (১), যুক্তিবিদ্যা (১), অর্থনীতি (১)	৯ আগস্ট ২০২১ খ্রি.	সকাল ১০টা - দুপুর ১টা

* অ্যাসাইনমেন্ট জমা দানের সময় শিক্ষার্থীদের অবশ্যই **ইউনিফর্ম** ও **মাস্ক** পরিধান সহ স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

* মহামারিজনিত উদ্ভূত পরিস্থিতি বা অন্য কোন অনিবার্য কারণবশতঃ কোন শিক্ষার্থীর পক্ষে যদি একান্তই কলেজে আসা সম্ভবপর না হয় তবে সে তার প্রস্তুতকৃত অ্যাসাইনমেন্টের স্ক্যানকপি অনলাইনে জমাদান করতে পারবে। তবে **অনলাইনে জমা দিলেও অ্যাসাইনমেন্টের মূল কপি তাকে পরবর্তীতে কলেজে এসে জমা দিয়ে যেতে হবে।** অ্যাসাইনমেন্ট অনলাইনে জমাদানের নিয়মাবলী একটি পৃথক নোটিসের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের শীঘ্রই জানিয়ে দেয়া হবে।

অ্যাসাইনমেন্ট প্রস্তুত করার নিয়মাবলী

১. অ্যাসাইনমেন্ট ছকে প্রদত্ত নির্দেশনা ও সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকের পরামর্শ অনুসরণ করে সমাধান/উত্তর লিখতে হবে।
২. A4 সাইজ, সাদা কাগজে মার্জিন করে **স্বহস্তে** লিখতে হবে। এক পাতার উভয় পৃষ্ঠায় লেখা যাবে। তবে এক পৃষ্ঠায় লেখাই উত্তম।
৩. কাল বা নীল কালির কলম দিয়ে অ্যাসাইনমেন্ট লিখতে হবে। প্রয়োজনবোধে পেন্সিল ব্যবহার করা যাবে।
৪. লেখা পরিচ্ছন্ন হতে হবে। শব্দের আকার বেশি বড়/ছোট করা এবং শব্দ বা বাক্যের মাঝখানে বেশি ফাঁক দেয়া পরিহার করতে হবে।
৫. **৪র্থ বিষয়ের** জন্য অ্যাসাইনমেন্ট তৈরি করা বা জমা দেওয়া লাগবে না।
৬. নোট, গাইড, ইন্টারনেট থেকে বা অন্যের লেখা কপি করে অ্যাসাইনমেন্ট জমা দিলে তা বাতিল হয়ে যাবে।
৭. অ্যাসাইনমেন্টের **প্রথম পাতা/কভার পেজ** কলেজ থেকে সরবরাহ করা হবে। শিক্ষার্থীদের কলেজ থেকে কভার পেজ সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করে অ্যাসাইনমেন্টের সাথে গুঁথে জমা দিতে হবে। কভার পেজ পূরণ করার সুবিধার্থে শিক্ষার্থীদের **মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি** অ্যাসাইনমেন্ট জমা দেয়ার সময় সাথে নিয়ে আসতে হবে। অনলাইনে জমাদানের ক্ষেত্রে কভার পেজের নমুনা প্রিন্ট করে তা সাময়িকভাবে ব্যবহার করা যাবে।
৮. অ্যাসাইনমেন্টের দ্বিতীয় পাতায় কি অ্যাসাইনমেন্ট দেয়া হয়েছে তা লিখতে হবে, এর পরে উত্তর বা সমাধান (একাধিক প্রশ্ন থাকলে ক্রমানুসারে) লিখতে হবে।
৯. অ্যাসাইনমেন্টে অবাঞ্ছিত বা আপত্তিকর কিছু লিখলে তা শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে এবং নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. অনিয়মিত পরিক্ষার্থীরা তাদের ক্ষেত্রে প্রযোজ্য বিষয়সমূহের অ্যাসাইনমেন্ট প্রস্তুত ও জমা প্রদান করবে।

প্রতিস্বাক্ষরিত
অধ্যক্ষ
ঢাকা উদ্যান সরকারি মহাবিদ্যালয়

মোঃ তারিকুল ইসলাম
আহ্বায়ক

২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট বাস্তবায়ন কমিটি